

ওঁ তৎ সৎ



যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ।।

যে দেবী সর্বপ্রাণীতে মাতৃরূপে অবস্থিতা, তাঁকে নমস্কার।
তাঁকে নমস্কার। তাঁকে নমস্কার। নমস্কার, নমস্কার।।

শারদীয় দুর্গোৎসব-২০২২ এ অনুসরণীয়

১. প্রতিমার অবয়ব ধ্যানের সাথে সামঞ্জস্যপূর্ণ রূপে তৈরি ও স্থাপন করতে হবে; প্রতিমার পিছনের অংশেও রং করতে হবে।
২. শাস্ত্রমতে দেবীর বেদীস্থানের পবিত্রতা রক্ষার্থে যত্রতত্র পূজার আয়োজন না করে স্থায়ী মন্দির প্রাঙ্গণে দেবী মায়ের বন্দনা করা ভক্তের জন্য পুণ্যের।
৩. শান্ত মনে একাগ্রচিত্তে নির্ধারিত রীতি মেনে ০৫ দিন দেবী দুর্গামায়ের বন্দনা, অঞ্জলি প্রদান, সন্ধ্যা আরতিতে অংশগ্রহণ ও পূজা-অর্চনায় ধর্মীয় ভাবগান্ধীর্ষপূর্ণ পরিবেশ সৃষ্টি ও বজায় রাখার ক্ষেত্রে সহযোগিতা প্রদান প্রত্যেক ভক্তের একান্ত কর্তব্য।
৪. পূজামণ্ডপে পূজার আবহ সৃষ্টি এবং ভক্তি জাগ্রত হয় এমন সঙ্গীত যথা- দেবী দুর্গা সম্পর্কিত স্তব, স্তোত্র, প্রার্থনা, ভজন ও কীর্তন পরিবেশন করতে হবে।
৫. যথাসাধ্য সাত্ত্বিকভাবে পূজা-অর্চনা একান্তভাবে কাম্য; শুদ্ধ ভক্তিতে ভক্তের মনোবাসনা পূর্ণ হয়।
৬. পূজামণ্ডপে ধুনচি ও ধূপ দ্বারা আরতি অনুষ্ঠান ধর্মীয় ভাবগান্ধীর্ষ বজায় রেখে করতে হবে।
৭. মাদক/নেশা জাতীয় দ্রব্য ব্যবহার/গ্রহণ থেকে সম্পূর্ণভাবে বিরত থাকতে হবে।
৮. পূজামণ্ডপে অশ্লীল/ডিজি গান বাজানো সম্পূর্ণরূপে পরিহার করতে হবে।
৯. মন্দির প্রাঙ্গণ সিসিটিভি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত করতে হবে।
১০. মন্দির প্রাঙ্গণে কোনো সন্দেহভাজন ব্যক্তি যাতে প্রবেশ করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। প্রয়োজনে দেহ তল্লাশীর ব্যবস্থা রাখতে হবে।
১১. পাশাপাশি অনুষ্ঠিত দুটি পূজামণ্ডপে মাইক/ঢাকের বাজনা/শ্লোগান/অঞ্জলি ইত্যাদির মাধ্যমে কোনো প্রতিযোগিতা করা যাবে না।
১২. ভক্তবৃন্দ যাতে হাত ধুয়ে প্রসাদ গ্রহণ করতে পারেন সে ব্যবস্থা মণ্ডপে থাকতে হবে।
১৩. করোনার অভিঘাত থেকে বাঁচতে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
১৪. মন্দিরের নিরাপত্তায় সরকারি বাহিনীর পাশাপাশি নিজস্ব পাড়া মহল্লার আগ্রহী ব্যক্তিদের সমন্বয়ে আলাদা পোশাকে দৃশ্যমান পরিচয় পত্রসহ স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করতঃ কমপক্ষে ০৬ সদস্যের ০৪ শিফটে সার্বক্ষণিক পূজামণ্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
১৫. আযান ও নামাজের সময় মাইক/বাদ্যযন্ত্রের ব্যবহার সীমিত করা একান্তভাবে কাম্য।
১৬. বৈশ্বিক সংকটের কারণে অতিরঞ্জিত আলোকসজ্জা পরিহার করতে হবে।
১৭. প্রতিটি পূজামণ্ডপে নারী ও পুরুষের জন্য পৃথক প্রবেশ ও বাহির পথের ব্যবস্থা করতে হবে।
১৮. নিজ নাম বা আইডি ব্যবহার করে অন্য কেউ যাতে কোন উচ্চনিমূলক পোস্ট না দিতে পারে সে বিষয়ে পূজারীবৃন্দকে সতর্ক থাকতে হবে।
১৯. পূজামণ্ডপকেন্দ্রিক Focal point নির্বাচন এবং তার/তাদের মোবাইল নম্বর সংশ্লিষ্ট থানায় সরবরাহ করতে হবে।
২০. সন্দেহভাজন কিছু পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা বাহিনী/থানা/বিট অফিসারকে অবহিত করতে হবে। প্রয়োজনে ৯৯৯ নম্বরে যোগাযোগ করতে হবে।
২১. পূজায় অতিরঞ্জিত ব্যয় না করে উদ্বৃত্ত অর্থ সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে ব্যয় করুন।
২২. স্কাউট সদস্যদের সমন্বয়ে মণ্ডপকেন্দ্রিক নিরাপত্তা নিশ্চিত করুন।
২৩. পূজামণ্ডপকেন্দ্রিক রাজনৈতিক নেতৃত্ব/জনপ্রতিনিধি'র সমন্বয়ে নিরাপত্তা উপদেষ্টা কমিটি গঠন করে পূজামণ্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
২৪. শাস্ত্রবিধি অনুসারে/সরকার নির্ধারিত সময়ের মধ্যে নদী/পুকুর/জলাশয়ে প্রতিমা বিসর্জন দিতে হবে।
২৫. বিসর্জনের সময়/মায়ের বিদায়ক্ষেণে মায়ের প্রতি শ্রদ্ধা-ভক্তি প্রদর্শনের জন্য ভক্তের ভারাক্রান্ত হৃদয়ের বহিঃপ্রকাশ একান্তভাবে কাম্য- ভক্তিতেই মুক্তি।

প্রচারে

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১/আই পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০



মনিটরিং সেল নম্বর-01716502159